গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

নম্বর: ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০০১.২৪- ১৭৯২

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১
০৯ অক্টোবর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর রাজস্বখাতে নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারী শূন্যপদে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম, গ্রেড, বেতন স্কেল ও কর্মপরিধি | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (১) | সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-০৯)<br>২২,০০০-৫৩,০৬০/-<br>• মানব সম্পদ উন্নয়ন<br>• সাধারণ প্রশাসন<br>• সাধারণ সেবা সংক্রান্ত কার্যাদি। | ৪ টি | ন্যূনতম স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ন্যূনতম ২য় শ্রেণীর ০৪ (চার) বছর মেয়াদী অনার্স ডিগ্রী। |
| (২) | সহকারী পরিচালক (বিনিয়োগ উন্নয়ন/এন্টারপ্রাইজ সার্ভিসেস/ শিল্প সম্পর্ক/কমার্শিয়াল অপারেশন) (গ্রেড-০৯)<br>২২,০০০-৫৩,০৬০/-<br>• বিনিয়োগ উন্নয়ন<br>• শিল্প প্রতিষ্ঠানে সেবা<br>• ইপিজেড শ্রম আইন বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদি। | ২৫ টি | ন্যূনতম ২য় শ্রেণীর এমবিএ অথবা অর্থনীতি, লোক প্রশাসন, ব্যবস্থাপনা, বিজ্ঞান বিভাগে স্নাতক সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর ০৪ (চার) বছর মেয়াদী অনার্স ডিগ্রী। |
| (৩) | সহকারী পরিচালক (হিসাব/নিরীক্ষা) (গ্রেড-০৯)<br>২২,০০০-৫৩,০৬০/-<br>• আর্থিক শৃঙ্খলা<br>• অভ্যন্তরীণ ও সরকারি নিরীক্ষা সংক্রান্ত কার্যাদি। | ৩ টি | বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর ০৪ (চার) বছর মেয়াদী অনার্স ডিগ্রী। |
| (৪) | সহকারী পরিচালক (প্রকাশনা/জনসংযোগ) (গ্রেড-০৯)<br>২২,০০০-৫৩,০৬০/-<br>• বেপজার প্রকাশনা<br>• বিভিন্ন গণমাধ্যমের সাথে যোগাযোগ<br>• তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যাদি। | ২ টি | গণযোগাযোগ ও সাংবাদিকতা, রাষ্ট্র বিজ্ঞান, সমাজ বিজ্ঞান বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর ০৪ (চার) বছর মেয়াদী অনার্স ডিগ্রী। |
| (৫) | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (গ্রেড-১০)<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>• তড়িৎ প্রকৌশল সংক্রান্ত<br>• রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাদি। | ২ টি | ইঞ্জিনিয়ারিং (বিদ্যুৎ) এ ডিপ্লোমা। |
| (৬) | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (গ্রেড-১০)<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>• যান্ত্রিক প্রকৌশল সংক্রান্ত<br>• রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাদি। | ১ টি | ইঞ্জিনিয়ারিং (যান্ত্রিক) এ ডিপ্লোমা। |
| (৭) | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী নিরীক্ষা কর্মকর্তা (গ্রেড-১০)<br>১৬,০০০ -৩৮,৬৪০/-<br>• আর্থিক শৃঙ্খলা<br>• অভ্যন্তরীণ ও সরকারি নিরীক্ষা সংক্রান্ত কার্যাদি। | ৫ টি | বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতক ডিগ্রীসহ হিসাবরক্ষক/ ক্যাশিয়ার পদে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা। |
| (৮) | লাইব্রেরিয়ান (গ্রেড-১০)<br>১৬,০০০ -৩৮,৬৪০/-<br>• বই-পুস্তক সংগ্রহ ও সংরক্ষণ<br>• গ্রন্থাগারের তত্ত্বাবধান। | ১ টি | স্নাতক ডিগ্রীসহ লাইব্রেরি সাইন্সে ডিপ্লোমা। |

| ক্রম | পদের নাম, গ্রেড, বেতন স্কেল ও কর্মপরিধি | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| (৯) | অভ্যর্থনাকারী-কাম-টেলিফোন অপারেটর (গ্রেড-১১)<br>১২,৫০০-৩০,২৩০/-<br>• অতিথিদের অভ্যর্থনা জানানো ও প্রয়োজনীয় সেবা প্রদান<br>• টেলিফোনে কল গ্রহণ ও সংযোগ স্থাপন। | ২ টি | স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা। |
| (১০) | ফটোগ্রাফার (গ্রেড-১১)<br>১২,৫০০-৩০,২৩০/-<br>• গুরুত্বপূর্ণ মুহূর্তের স্থিরচিত্র ধারণ ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যাদি। | ১ টি | স্নাতক ডিগ্রীসহ ফটোগ্রাফিতে ডিপ্লোমা। |
| (১১) | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)<br>১০,২০০-২৪,৬৮০/-<br>• টাইপিং ও করণিক কাজে সহায়তা প্রদান<br>• নথি ব্যবস্থাপনা। | ৩ টি | এইচএসসি পাশ এবং বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতি। |
| (১২) | সার্ভেয়ার (গ্রেড-১৪)<br>১০,২০০-২৪,৬৮০/-<br>• নির্মাণ প্রকল্প ও মানচিত্র প্রস্তুত<br>• জমির বৈশিষ্ট্য পরিমাপ করা। | ২ টি | এসএসসি পাসসহ সার্ভেয়ারশিপে সার্টিফিকেট অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং)। |
| (১৩) | ডিসপাস রাইডার (গ্রেড-২০)<br>৮,২৫০-২০,০১০/-<br>• ডাক গ্রহণ, প্রেরণ সংক্রান্ত ও পরিবহন সংক্রান্ত কার্যাদি। | ১ টি | এসএসসি পাসসহ মোটর সাইকেল চালানোর দক্ষতা। |
| (১৪) | প্লাম্বার সহকারী (গ্রেড-২০)<br>৮,২৫০-২০,০১০/-<br>• প্লাম্বিং সংক্রান্ত কার্যাদি। | ২ টি | ৮ম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| (১৫) | মালী (গ্রেড-২০)<br>৮,২৫০-২০,০১০/-<br>• গাছ ও বাগানের পরিচর্যা এবং পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যাদি। | ১ টি | ৮ম শ্রেণী পাসসহ পেশাগত কাজে ২ বছরের অভিজ্ঞতা। |
| (১৬) | কুক হেলপার (গ্রেড-২০)<br>৮,২৫০-২০,০১০/-<br>• প্রধান কুককে সার্বিক সহায়তা প্রদান। | ১ টি | ৮ম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা। |

**শর্তাবলী:**

১) নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;

২) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার বোর্ডে কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;

৩) বিভাগীয় প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

৪) শিক্ষাজীবনের কোনো স্তরে একাধিক তৃতীয় শ্রেণি বা বিভাগ বা সমমানের সিজিপিএ বা জিপিএ গ্রহণযোগ্য নয়;

৫) ০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে সকল পদে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩৫ বছর। মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৬) কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোনো সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৭) কোনো তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে;

৮) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত পদসংখ্যা প্রয়োজনে হ্রাস/বৃদ্ধি হতে পারে;

৯) চাকরিতে নিয়োগলাভের ক্ষেত্রে কোটার বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে;

১০) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১১) নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://bepza.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(ক) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৭/১০/২০২৪, সকাল ১০:০০ টা;**

(খ) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **১৭/১১/২০২৪, বিকাল ৫:০০ টা**। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(গ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর ছবি দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০x৩০০ (Pixel) এবং স্বাক্ষর দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০x৮০ (Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

(ঘ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে তাই Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে;

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID থাকবে এবং উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যেকোনো Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে অনলাইনে আবেদন ফি সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫(১), তারিখ: ১৭ আগস্ট ২০২৩ অনুসারে ক্রমিক নং ০১-০৪ পর্যন্ত পদের বিপরীতে পরীক্ষার ফি বাবদ ৬০০ টাকা এবং সার্ভিস চার্জ ও ভ্যাট বাবদ ৬৯ টাকাসহ মোট ৬৬৯ টাকা (অফেরৎযোগ্য), ক্রমিক নং ৫-৮ পর্যন্ত পদের বিপরীতে পরীক্ষার ফি বাবদ ৫০০ টাকা এবং সার্ভিস চার্জ ও ভ্যাট বাবদ ৫৮ টাকাসহ মোট ৫৫৮ টাকা (অফেরৎযোগ্য), ক্রমিক নং ৯-১০ পর্যন্ত পদের বিপরীতে পরীক্ষার ফি বাবদ ৩০০ টাকা এবং সার্ভিস চার্জ ও ভ্যাট বাবদ ৩৫ টাকাসহ মোট ৩৩৫ টাকা (অফেরৎযোগ্য), ক্রমিক নং ১১-১২ পর্যন্ত পদের বিপরীতে পরীক্ষার ফি বাবদ ২০০ টাকা এবং সার্ভিস চার্জ ও ভ্যাট বাবদ ২৩ টাকাসহ মোট ২২৩ টাকা (অফেরৎযোগ্য) এবং ক্রমিক নং ১৩-১৬ পর্যন্ত পদের বিপরীতে পরীক্ষার ফি বাবদ ১০০ টাকা এবং সার্ভিস চার্জ ও ভ্যাট বাবদ ১২ টাকাসহ মোট ১১২ টাকা (অফেরৎযোগ্য) Onlne এ আবেদন দাখিলের অনধিক ৭২ ঘণ্টার মধ্যে পরিশোধ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BEPZAR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BEPZAR ABCDEF
Reply: Applicant's name, Tk. ….. will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BEPZAR<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BEPZAR<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: BEPZAR YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BEPZAR Application for post . User ID is (ABCDEF) and Password (*********).

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

(ছ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বেপজার ওয়েবসাইটে https://www.bepza.gov.bd/career এবং http://bepza.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bepza.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে ;

(জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bepza.teletalk.com.bd ওয়েবসাইটে এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়াদি প্রার্থীর আবেদনে উল্লেখকৃত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে অবহিত করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ঝ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যেকোনো অপারেটরের ফোন নম্বর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে কল করতে পারবেন অথবা recruitment@bepza.gov.bd বা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: BEPZA, Post Name, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

(ঞ) **ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয়

গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করার পরামর্শ দেয়া যাচ্ছে।

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষএর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

(আ. স. ম. জামশেদ খোন্দকার)
নির্বাহী পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ